

LESSON  
6

この電車は池袋に行きますか

Kono densha wa Ikebukuro ni ikimasu ka

এই ট্রেন কি ইকেবুকুরো'তে যাবে?



আজকের স্ক্রিট

タム : すみません。

তাম Sumimase<sup>1</sup>n.

মাফ করবেন, একটু শুনুন।

駅員 : はい。

স্টেশন স্টাফ Hai.

হ্যাঁ বলুন।

タム : この電車は池袋に行きますか。

তাম Kono densha wa Ikebu<sup>1</sup>kuro ni ikima<sup>1</sup>su ka.

এই ট্রেন কি ইকেবুকুরো'তে যাবে?

駅員 : いいえ、行きません。

স্টেশন স্টাফ lie, ikimase<sup>1</sup>n.

না, যাবে না।

池袋は山手線です。

Ikebu<sup>1</sup>kuro wa Yamanote-sen de<sup>1</sup>su.

ইকেবুকুরো হচ্ছে ইয়ামানোতে লাইনো

タム : 山手線はどこですか。

তাম Yamanote-sen wa do<sup>1</sup>ko de<sup>1</sup>su ka.

ইয়ামানোতে লাইন কোথায় বলতে পারেন?

駅員 : 3番線です。

স্টেশন স্টাফ San-ban-sen de<sup>1</sup>su.

তিন নম্বর প্ল্যাটফর্ম।

タム : わかりました。

তাম Wakarima<sup>1</sup>shita.

বুঝতে পেরেছি।

ありがとうございます。

Ari<sup>1</sup>gatoo gozaima<sup>1</sup>su.

আপনাকে অনেক ধন্যবাদ।

শব্দার্থ

この এই

kono

電車 ট্রেন

densha

いいえ না

ie

山手線 ইয়ামানোতে লাইন

Yamanote-sen

～番線 XXX নম্বর প্ল্যাটফর্ম

～ban-sen

わかる বুঝতে পারা

waka<sup>1</sup>ru

মূল বাক্য

この電車は池袋に行きますか。

Kono densha wa Ikebu<sup>1</sup>kuro ni ikima<sup>1</sup>su ka.

এই ট্রেন কি ইকেবুকুরোতে যাবে?

গণপরিবহণের গন্তব্য কোথায় তা জাপানিতে জিজ্ঞেস করতে হলে বলুন, “কোনো [পরিবহণ যেমন বাস/ট্রেন ইত্যাদির জাপানি প্রতিশব্দ] ওয়া [গন্তব্যস্থানের নাম] নি ইকিমাসু কা?” এখানে “কোনো” অর্থ “এই”, সম্মুখে থাকা জিনিসকে নির্দেশ করতে বিশেষ্য পদের আগে এটি বসে। অব্যয় পদ “নি” গন্তব্য স্থানের নামের পরে যুক্ত হয়। আর “ইকিমাস” হচ্ছে “ইকু” বা “যাওয়া” ক্রিয়াটির মাস-রূপ।

আসুন চর্চা করি!

この電車は秋葉原に行きますか。

Kono densha wa Akiha<sup>1</sup>bara ni ikima<sup>1</sup>su ka.

いいえ、行きません。秋葉原は一番線です。

lie, ikimase<sup>1</sup>n. Akiha<sup>1</sup>bara wa ichi-ban-sen de<sup>1</sup>su.

এই ট্রেন কি আকিহাবারাতে যাবে?

না, যাবে না। আকিহাবারা হচ্ছে এক নম্বর প্ল্যাটফর্ম।



এটাও চেষ্টা করি!

この[যানবাহন]は[গন্তব্য]に行きますか。

Kono [যানবাহন] wa [গন্তব্য] ni ikima<sup>1</sup>su ka.

এই [যানবাহন] কি [গন্তব্য]-এ যাবে?

① バス


ba<sup>1</sup>su

বাস

空港

kuukoo

এয়ারপোর্ট



② 電車

densha

ট্রেন

新宿

Shinjuku

শিনজুকু



সংখ্যা (1-10)

1	2	3	4	5	6	7	8	9	10
ichi <sup>1</sup>	ni <sup>1</sup>	san	yo <sup>1</sup> n	go <sup>1</sup>	roku <sup>1</sup>	na <sup>1</sup> na	hachi <sup>1</sup>	kyu <sup>1</sup> u	ju <sup>1</sup> u



আরও শিখি



হারু-সানের পরামর্শের কুলি

## জাপানের রেলওয়ে ব্যবস্থা

সারা জাপান জুড়ে ছড়িয়ে আছে অত্যন্ত দক্ষ এক রেলওয়ে ব্যবস্থা। বিশেষ করে বড় শহরগুলোতে ভূ-গর্ভস্থ রেল লাইনসহ বিস্তৃত রেল নেটওয়ার্ক দেখতে পাওয়া যায়। বড় শহরগুলো যুক্ত রয়েছে দ্রুত গতির এক্সপ্রেস ট্রেন এবং অত্যন্ত দ্রুতগামী শিনকানসেন বুলেট ট্রেন নেটওয়ার্কের সাহায্যে, যার ফলে দূর পাল্লার যাত্রা হয়ে উঠেছে স্বাচ্ছন্দময়।

জাপানের রেল ব্যবস্থায় অসংখ্য লাইনে বিপুল সংখ্যক ট্রেন প্রতিনিয়ত চলছে



©Tokyo Metro



Tokyo Station

টিকেট কিনতে হলে প্রথমেই স্টেশনে থাকা ভাড়ার তালিকা থেকে আপনার গন্তব্য স্থানটির ভাড়া দেখে নিন। তারপর সেখানে থাকা টিকেট কেনার মেশিনে সেই ভাড়ার বাটন চেপে কমপক্ষে ঐ পরিমাণ অর্থ প্রবেশ করিয়ে দিন। আপনি যদি প্রিপেইড আইসি কার্ড করে নেন, তাহলে স্টেশনে ঢোকা ও বের হওয়ার সময় টিকেট গেটে সেটি কেবল স্পর্শ করলেই ভাড়া কেটে নেওয়া হবে স্বয়ংক্রিয়ভাবে।



©JR EAST



জাপানের ট্রেন একেবারে ঘড়ির কাঁটা মেনে চলে, কিন্তু রাশ আওয়ারে স্টেশনে এবং ট্রেনের ভেতরে যাত্রীদের ভীড় খুব বেশি থাকে বলে সময় নিয়ে ঘর থেকে বের হবেন।

উত্তর

- ① このバスは空港に行きますか。
- ② この電車は新宿に行きますか。

Kono ba'su wa kuukoo ni ikima'su ka.

Kono densha wa Shinjuku ni ikima'su ka.